## সোয়াপ-ফ্রি ট্রেডিং অ্যাকাউন্ট ব্যবহারের চুক্তি

- 1. এই ডকুমেন্টটি (সোফাপ-ফ্রি ট্রেডিং অ্যাকাউন্ট ব্যবহারের চুক্তি, এরপর থেকে চুক্তি হিসাবে উল্লেখ করা হয়েছে) সোফাপ-ফ্রি ট্রেডিং অ্যাকাউন্ট ব্যবহার করার শর্তসমূহ বর্ণনা করছে। সেবা প্রদানের ভিত্তি পাবলিক অফার অ্যাগ্রিমেন্ট এর অতিরিক্ত হিসাবে এই চুক্তি কাজ করবে। গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্ট সোয়াপ-ফ্রি অ্যাকাউন্টে রূপান্তরিত হওয়ার সাথে সাথে এই চুক্তি কার্যকর হিসাবে বিবেচিত হবে।
- 2. গ্রাহকের অনুরোধের ভিত্তিতে ট্রেডিং অ্যাকাউন্টকে সোফাপ-ফ্রি অ্যাকাউন্টে রূপান্তরিত করে ইন্সটফরেক্স (এরপর থেকে কোম্পানি হিসাবে উল্লেখ করা হয়েছে) এর কাস্টমার রিলেশনস ডিপার্টমেন্ট, এক্ষেত্রে গ্রাহক উক্ত সেবার জন্য আবেদন ফর্ম পূরণ করে। কোম্পানি কোনো কারণ দর্শন ছাড়াই গ্রাহকের আবেদন বাতিল করার অধিয়ার সংরক্ষণ করে।
- 3. সোয়াপ-ফ্রি সেবা গ্রাহকের সব ট্রেডিং কার্যক্রমে প্রযোজ্য হবে, শুধু নিম্নাক্ত ক্ষেত্রগুলো ছাড়া:
  - 3.1. যারা USD/HKD, EUR/RUR এবং USD/RUR ইন্সট্রুমেন্ট ব্যবহার করছেন এবং যেখানে সব অ্যাকাউন্টের জন্য নিয়মিতভাবে সোয়াপ চার্জ করা হয়;
  - 3.2. যারা "ফরেক্স", "ইনডেক্স" এবং "ফিউচার" গ্রুপের যেকোনো ইন্সট্রুমেন্টে ট্রেডিং করেছে এবং তার সময়কাল ৭ দিন অতিক্রম করেছে।
- 4. সব ধরণের সোয়াপ-ফ্রি অ্যাকাউন্টে কোনো সুদ প্রযোজ্য হবে না: রাতের বেলা খোলা থাকলে সোয়াপ অপারেশন।
- 5. গ্রাহক যেকোনো সময় তার সাব-আচ্চউন্টকে রেগুলার অ্যাকাউন্টে রূপান্তরের জন্য অনুরোধ করতে পারবে। সোয়াপ-ফ্রি অ্যাকাউন্টে রূপান্তরের জন্য বার বার আবেদন করা হলে কোম্পানি উক্ত গ্রাহকের আবেদনের কারণ খতিয়ে দেখতে পারবে।
- 6. সাব-অ্যাকাউন্ট রূপান্তর করে সোয়াপ-ফ্রি করার কারণে ক্ষতি হওয়া সোয়াপ এর জন্য গ্রাহক পেমেন্ট দাবি করতে পারবে না যতক্ষণ তার সাব-অ্যাকাউন্ট সোয়াপ-ফ্রি গ্রুপে থাকবে।
- 7. কোনো অনিয়ম পরিলক্ষিত হলে কোম্পানি গ্রাহকের অ্যাকাউন্টে সোয়াপ-ফ্রি সেবা বাতিল করতে পারে এবং সোয়াপ-ফ্রি চলাকালীন সময়ের জন্য সোয়াপ চার্জ করতে পারে।
- 8. এই চুক্তি সেবা প্রদান শর্তসমূহের প্রধান চুক্তির অতিরিক্ত হিসাবে কাজ করবে এবং ট্রেডিং শর্তগুলোর ক্ষেত্রে প্রধান চুক্তির সাথে পার্থক্য দেখা দিলে তা অগ্রাধিকার পাবে।
- 9. সোয়াপ-ফ্রি সেবা বাতিল করার জন্য গ্রাহকের কাছ থেকে কোম্পানির কাস্টমার রিলেশনস ডিপার্টমেন্ট আবেদন গ্রহণ করার মুহূর্ত থেকে এই চুক্তি বাতিল বলে বিবেচিত হবে।
- 10. অ্যাফিলিয়েট প্রোগ্রামের বাইরে যেসব অ্যাকাউন্ট নিবন্ধিত হয়েছে শুধু সেসব অ্যাকাউন্টের ক্ষেত্রে সোয়াপ-ফ্রি সেবা সহজলভ্য।
- 11. প্রধান পাবলিক অফার অ্যাগ্রিমেন্ট যেখানে শেষ হয়েছে সেখানে এই চুক্তি শেষ হয়েছে বলে উভয় পক্ষ নিশ্চিত করবে।